



তেহরানে খামেনির প্রথম জানাজা অনুষ্ঠিত, লাখো মানুষের অংশগ্রহণ



সংগৃহীত ছবি

ইরানের প্রয়াত সর্বোচ্চ ধর্মীয় নেতা আয়াতুল্লাহ আলি খামেনির প্রথম জানাজার নামাজ রোববার (৫ জুলাই) তেহরানের ইমাম খোমেনি গ্র্যান্ড মোসাল্লায় অনুষ্ঠিত হয়েছে। একই অনুষ্ঠানে তার সঙ্গে নিহত পরিবারের আরও চার সদস্যের জানাজাও অনুষ্ঠিত হয়। নামাজে ইমামতি করেন আয়াতুল্লাহ জাফর সোবহানী। ভোর থেকেই রাজধানীর গ্র্যান্ড মোসাল্লা প্রাঙ্গণে মানুষের ঢল নামে। সকাল ৭টার দিকে মরদেহবাহী কফিনগুলো সেখানে আনা হলে শোকাহত জনতা শেষ শ্রদ্ধা জানান। অনেকেই আবেগাপ্লুত হয়ে পড়েন। অনুষ্ঠানে অংশ নেওয়া অনেকের কণ্ঠে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের বিরুদ্ধে ক্ষোভের প্রকাশও শোনা যায়। জানাজায় প্রয়াত নেতার তিন ছেলে— মোস্তফা, মাসুদ ও মেসাম হোসেইনি খামেনি উপস্থিত ছিলেন। তবে ইরানের বর্তমান সর্বোচ্চ নেতা মোজতবা খামেনিকে এ অনুষ্ঠানে দেখা যায়নি।

রাষ্ট্রীয় এই শোকানুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান, পার্লামেন্ট স্পিকার মোহাম্মদ বাঘের গালিবায়, বিচার বিভাগের প্রধান গোলামহোসেন মোহসেনি এজেই এবং ইসলামিক রেভল্যুশনারি গার্ড কর্পসের (আইআরজিসি) প্রধান আহমেদ ভাহিদিসহ শীর্ষ কর্মকর্তারা।

খামেনির বিদায় কর্মসূচি শুরু হয়েছে শনিবার। সাত দিনব্যাপী এই আয়োজনে বিশ্বের প্রায় ১০০টি দেশের প্রতিনিধি অংশ নিচ্ছেন বলে ইরানের পক্ষ থেকে জানানো হয়েছে। আয়োজকদের ধারণা, পুরো কর্মসূচিতে প্রায় দুই কোটি মানুষ অংশ নিতে পারেন।

তেহরানের পর কোম, ইরাকের কারবালা ও নাজাফে জানাজার আনুষ্ঠানিকতা শেষে আগামী ৯ জুলাই তার জন্মস্থান মার্শহাদে দাফন করা হবে।